

“একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd



স্মারক নং-৩৩.০১.০০০০.১১৪.৩৫.০০১.২২-৩৪০

তারিখঃ ১৩/০৯/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ এডভান্স কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড, হোল্ডিং ১০৯৬-১০৯৭, উত্তর চাঁদপুর, বন্দর, নারয়নগঞ্জ ভারত হতে মুররা জাতের মহিষের ৫০০ ডোজেজ ফ্রোজেন মহিষের সিমেন আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্রঃ (১) এসিআই এনিমেল জেনেটিক্স, এডভান্স কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর ০৪/১০/২০২৩ তারিখের আবেদন।
(২) National Technical Regulatory Committee (NTRC)-এর ৩১/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নং- ১৩.৪.৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ২ নং ক্রমিকের National Technical Regulatory Committee (NTRC)-এর ৩১/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুষ্টেদ ২৫ (২৯) (৩৪ক) (৩৪খ) ও National Livestock Policy-2007, পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা এবং পশুরোগ বিধিমালা-২০০৮, বিদ্যমান Breeding Policy, পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ এবং বেসরকারী পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর শর্তাবলী অনুসরণপূর্বক এডভান্স কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর অন্তর্গত এসি আই এনিমেল জেনেটিক্স-কে তাদের নিজস্ব খামারে ব্যবহারের জন্য ভারত হতে মুররা জাতের মহিষের ৫০০ ডোজেজ ফ্রোজেন মহিষের সিমেন নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে আমদানি করার অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী:

১। আমদানিতব্য Bovine Semen Straws শুধুমাত্র এসিআই এনিমেল জেনেটিক্স, এসিআই লিমিটেড এর নিজস্ব খামারে ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই আমদানিকৃত সিমেন অথবা আমদানিকৃত সিমেন থেকে উৎপাদিত বকনা বা ষাঁড় অথবা ষাঁড়ের সিমেন নিজস্ব খামারের বাহিরে অন্যত্র স্থানান্তর বা ব্যবহার করা যাবে না।

২। সিমেন আমদানির পূর্বে ষাঁড় সমূহের Pedigree & Performance প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।

৩। আমদানিতব্য বীজ (Semen) এর ক্ষেত্রে অনুমোদিত ব্রিডিং নীতিমালা অনুসারে হিমায়িত বীজ (Semen) উৎপাদনকারী/ প্রদানকারী ব্রিড বা জাতের ষাঁড় অবশ্যই Proven Bull হতে হবে এবং বীজ (Semen) উৎস দেশের Breeding Society কর্তৃক Proven Bull হিসেবে অনুমোদিত হতে হবে।

৪। Bovine Semen Straws রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সিমেন উৎপাদনকারী Bull সমূহের স্বাস্থ্য সনদ থাকতে হবে এবং বন্দরে পৌঁছার সাথে সাথে সরকার অনুমোদিত পরীক্ষাগারে Bovine Semen Straws এর গুণগত মান পরীক্ষা করাতে হবে।

৫। প্রজনন কার্যক্রম শুরুর পূর্বেই আমদানিকৃত Bovine Semen Straws এর গুণগত মান কৃত্রিম প্রজনন ল্যাবরেটরি, সাভার, ঢাকা হতে পরীক্ষাতে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে।

৬। প্রাণিসম্পদ অধিদপ্তরের জনবল দ্বারা গাভী প্রজনন করাতে হবে।

৭। Bovine Semen Straws আমদানির পর Bovine Semen Straws এর ব্যবহার এবং কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।

৮। ফার্মের Bio-Security নিশ্চিত করতে হবে।

৯। আমদানি সংক্রান্ত সকল বিধিমালা অনুসরণ করতে হবে।

১০। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে খামার পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।


১১। সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ বিষয়ে ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামার পরিদর্শন করে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন এবং একাজে খামার কর্তৃপক্ষ সার্বিক সহযোগিতা করবেন।

১২। উল্লিখিত Bovine Semen Straws আমদানির অনুমোদন কোন অবস্থাতেই ভবিষ্যতে আমদানির ক্ষেত্রে Reference হিসেবে গ্রহণযোগ্য হবে না।

১৩। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে ভবিষ্যতে এ সংক্রান্ত আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। এ আদেশের মেয়াদ ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১৫। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/ বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।


(ডাঃ মোঃ ছরোয়ার হোসেন শিকদার)

উপপরিচালক

লেজিসলেসন ও প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন,


পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

এডভান্স কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড,
হোল্ডিং নং-১০৯৬-১০৯৭, উত্তর চাঁদপুর,
বন্দর, নারায়নগঞ্জ।

আই আর সি নং- ২৬০৩২৬১১০১৪৪০২১

ভ্যাট রেজিঃ নং- ০০১০৬৪৭৮৭-০৩০২


২৫/০৭/২০২৬

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি:

- ১। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঢাকা।
- ৪। উপপরিচালক (এ আই ল্যাব), কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
- ৫। অফিসার-ইন-চার্জ, লাইভস্টক কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা।
- ৬। আইসিটি অফিসার, আইসিটি শাখা, ডিএলএস, ঢাকা (ডিএলএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।